ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৬২
সোনামুড়া, ২৭ জুন, ২০২৫

**কাঁঠালিয়া ব্লকের বিভিন্ন এলাকায় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসাবে সম্প্রতি সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে কাঁঠালিয়া ব্লকের বিভিন্ন এলাকায় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। যেসব এলাকাতে শিবিরগুলো অনুষ্ঠিত হয়েছে সেগুলি হল নবকুমার চৌধুরী পাড়া উচ্চ বিদ্যালয়, বাসু কুমার চৌধুরী পাড়া এসবি স্কুল, মনাইপাথর দ্বাদশ শ্রেণি বিদ্যালয় এবং হিম্মতপুর এসবি স্কুল। শিবিরগুলোতে সংশ্লিষ্ট এলাকার জনজাতি অংশের মানুষের মধ্যে প্রশাসনিক সুযোগ সুবিধা হিসাবে পিআরটিসি, কাস্ট সার্টিফিকেট, আধার কার্ড সংশোধন, ইনকাম সার্টিফিকেট প্রদান, রেশন কার্ড সংশোধন, স্বাস্থ্য পরীক্ষা, স্বাস্থ্য বীমা কার্ড এবং ব্যাংকে নতুন অ্যাকাউন্ট খোলার আবেদনপত্র গ্রহণ করা হয়।

*******